



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

তারিখ: ১৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ


স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৮.১৮.০০২.২৪.১৬৮২

বিষয়: বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিচালনার লাইসেন্স প্রদান।

সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ এর পত্র সংখ্যা-৮৭০, তারিখ-২৬/১২/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জনাব মোঃ রিজুয়ানুল আলম, চেয়ারম্যান, সুরক্ষা মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, শেরপুর উপজেলা পরিষদ সংলগ্ন, পূর্বশেরী শেরপুর টাউন, শেরপুর এর অনুকূলে "বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা পরিচালনা বিধিমালা ২০২১" এর সকল শর্ত যথাযথ অনুসরণ করে কেন্দ্র পরিচালনা করা এবং লাইসেন্স প্রদানের ০২ মাস পর সেবার মান সম্পর্কে সংশ্লিষ্ট সহকারী পরিচালক কেন্দ্রটি সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ ও লাইসেন্স প্রাপ্তির পর কেন্দ্র থেকে ধাপে ধাপে কমপক্ষে ০৩ (তিন) জনকে UTC Training (ইকো প্রশিক্ষণ) গ্রহণের জন্য প্রেরণ করার শর্তে ১০ (দশ) শয্য বিশিষ্ট বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিচালনার লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হলো। উল্লেখ্য বিধিমালা অনুযায়ী কেন্দ্রটি পরিচালিত না হলে তা বন্ধ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।



২৭-০১-২০২৪

মো: মাসুদ হোসেন

পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)

সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, শেরপুর।

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৮.১৮.০০২.২৪.১৬৮২/১ (৪)

তারিখ: ১৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ;
- ২। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৩। চেয়ারম্যান, সুরক্ষা মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, শেরপুর উপজেলা পরিষদ সংলগ্ন, পূর্বশেরী শেরপুর টাউন, শেরপুর এবং
- ৪। অফিস কপি, মাস্টার ফাইল।